



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবি/উমা/পনি- ২১৭

তারিখ : ০২/০৮/২০২১

২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ এসএসসি/সমমান ও এইচএসসি সমমান পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী শুধু গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

২. ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।

৩. (ক) ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

(খ) আংশিক বিষয়ে অকৃতকার্য (এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণস্বরূপ একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা (আবশ্যিক বিষয়) ও রসায়ন (নৈর্বাচনিক বিষয়)- এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।


(গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

(ঘ) প্রতিষ্ঠান প্রধান প্রত্যেক পরীক্ষার্থীর মোবাইল নম্বর সংগ্রহ করে সংরক্ষণ করবেন।

৪. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক :  
প্রতিষ্ঠান প্রধান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী -এর  
আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা  
প্রতিষ্ঠান

  
(মোঃ আরিফুল ইসলাম)  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন # (০৭২১) ৭৭ ৬২ ৩১